

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
যখন ফেরেশতাগণ বললো, হে মারইয়াম আল্লাহ তোমাকে তাঁর এক বানীর সুসংবাদ দিচ্ছেন, যার নাম হলো মশীহ-মারইয়াম-তনয় ঈসা, দুনিয়া ও আখেরাতে তিনি মহানমানের অধিকারী এবং আল্লাহর খনিষ্ঠদের অন্তর্ভুক্ত।
সূরা আল ইমরান ৪৫

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ৯ রবিবার ৯ ০৭ জুন ২০২৬ ৯ ২০ জিলহজ্জ ১৪৪৭ ৯ ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৩৬২ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা



নতুন সরকারের প্রথম বাজেট অধিবেশন বসছে আজ

কীর্তনখোলা ডেস্ক
এয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় বা বাজেট অধিবেশন বসতে যাচ্ছে আজ (৭ জুন)। বিকেল ৩টায় এ অধিবেশন শুরু ২ এর পাতায় দেখুন



মাটি ও পরিবেশ উপযোগী বৃক্ষরোপণে গুরুত্ব প্রধানমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক
মাটির গুণগত মান বজায় রেখে ও স্থানীয় পরিবেশের সঙ্গে সামঞ্জস্য করে বৃক্ষরোপণের ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন



১০ হাজার টাকা পর্যন্ত কৃষিক্ষেপের সুদ মওকুফ করেছে সরকার : তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
দেশের বৃহৎ ঋণভার ও খেলাপি ঋণের বাস্তবতার মধ্যেও সরকার ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিক্ষেপের সুদ মওকুফ করেছে ২ এর পাতায় দেখুন



বিএনপি তিন মাসেই আ.লীগের অবস্থানে পৌঁছে গেছে: আসিফ মাহমুদ

কীর্তনখোলা ডেস্ক
বিএনপি তিন মাসেই আওয়ামী লীগের অবস্থানে পৌঁছে গেছে বলে মন্তব্য করেছেন এনপির মুখপাত্র ও সাবেক উপদেষ্টা ২ এর পাতায় দেখুন

বরিশালে শহিদ জিয়ার সফর ছিলো উন্নয়নের মহাপরিকল্পনা

এম জামান

বিএনপি'র প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান (বীর উত্তম) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাষ্ট্রপতি থাকাকালীন সময়ে একাধিকবার বরিশাল আগমন করেন। এরমধ্যে সর্বপ্রথম ১৯৭৮ সালের নভেম্বর মাসে তিনি বরিশাল সফর করেন। সফরকালীন সময়ে তিনি এখানকার সার্বিক হাউজে অবস্থান করেন। রাষ্ট্রীয় এ সফরে তিনি বরিশালের স্থানীয় প্রশাসন ও রাজনৈতিক নেতাকর্মীদের সাথে আলোচনা আলোচনা বৈঠক করেন। এছাড়াও একটি জনসভায় বক্তব্য প্রদান করেন প্রেসিডেন্ট জিয়াউর রহমান। সার্বিক হাউজ প্রাপ্তনে আয়োজিত এ জনসভায় বরিশালসহ গোটা দক্ষিণাঞ্চলের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর শিক্ষা ও উন্নয়ন নিয়ে তাঁর পরিকল্পনার কথা উল্লেখ করেন জিয়াউর রহমান। এ সময় তিনি বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার যোজনা দেন। এর পরবর্তীতে আবারও বরিশাল সফরে আসলে তিনি বরিশালের বিভিন্ন এলাকায় কৃষি ও সেচ প্রকল্প পরিদর্শন করেন। জনগনকে বৈজ্ঞানিক উদ্ভূত করতে সাধারণ মানুষ ও দলীয়



নেতাকর্মীদের সাথে একাধিক মতবিনিময় সভা করেন প্রেসিডেন্ট জিয়া। ১৯৭৯ সালের এই সফরে রাষ্ট্রপতি জিয়াউর রহমান কৃষি উপপাদন বৃদ্ধি ও স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে বরিশাল সদর উপজেলার চরকাউয়া এলাকায় একটি খাল খনন কর্মসূচীর উদ্বোধন করেন।

প্রেসিডেন্ট জিয়ার হাতে কাটা এ খালটি “স্বনির্ভর খাল” নামে পরিচিত। এছাড়াও তিনি গ্রামীণ অবকাঠামো এবং বরিশালের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে প্রশাসনিক কর্মকর্তাবৃন্দ ও দলীয় নেতৃবৃন্দের সাথে যৌথসভা করেন এ সফরে। সাধারণ জনগণের সাথে প্রেসিডেন্ট জিয়ার সরাসরি কথাপকথন ও মতবিনিময় ছিল এ সফরের অন্যতম আকর্ষণ। তিনি বিভিন্ন শ্রেণী পেশার সাধারণ মানুষের সাথে খোলামেলা মতবিনিময় করেন। তাদের সুবিধা-অসুবিধা ও চাওয়া-পাওয়া নিয়ে একজন সাধারণ মানুষের মতই আগ্রহ প্রকাশনা করেন জিয়া। কৃষক-শ্রমিকসহ যেতে যাওয়া মানুষেরা তাকে কাছে পেয়ে, তাঁর সাথে কথা বলতে পেরে আবেগান্বিত হয়ে পড়েন। জিয়ার সাথে কথা বলা অনেকাই পরবর্তীতে সংবাদ ২ এর পাতায় দেখুন



ডেঙ্গু প্রতিরোধে বরিশালে সচেতনতা র্যালি

কীর্তনখোলা রিপোর্ট
ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বরিশাল সিটি কর্পোরেশনের উদ্যোগে ‘জনসচেতনতামূলক র্যালি ও পরিচ্ছন্নতা অভিযান’-এর আয়োজন করা হয়েছে। শনিবার সাড়ে ১১টায় বরিশাল সিটি কর্পোরেশনের সামনে প্রথমে

আয়োচনা সভা এবং পরে র্যালি বের হয়। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ‘জনসচেতনতামূলক র্যালি ও পরিচ্ছন্নতা অভিযান’-এর উদ্বোধন করেন বিসিপি প্রশাসক আক্তার জাহান শিরীন। এসময় বক্তব্য রাখেন বরিশালের বিভাগীয়

কমিশনার খলিফুর রহমান, রেঞ্জ ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান, জেলা প্রশাসক খাইরুল আলম সূমন, বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. মো. গিয়াসুজ্জামান হাকিম এবং জেলা সিভিল সার্জন ডা. এস.এম. মনজুর-এ-এলাহী। আয়োচনা সভায় বক্তারা আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গুসহ মশাবাহিত ২ এর পাতায় দেখুন

বাসের ধাক্কায় প্রাণ গেলো শ্যালক-ভগ্নিপতির

সাইফুল ইসলাম, আমতলী

বরগুনার আমতলীতে যাত্রীবাহী বাসের সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে সজীব ও সাইফুল ইসলাম নামে দুইজনের নিহত হয়েছেন। এ ঘটনায় আসাদুল ইসলাম নামে আরও একজন গুরুতর আহত হয়েছেন। গুরুদ্বার (৫ জুন) রাত ৯টার দিকে আমতলী উপজেলার বরিশাল-কুয়াকাটা মহাসড়কের শাখারিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা সম্পর্কে শ্যালক ও ভগ্নিপতি। হতাহতরা মোটরসাইকেলের আরোহী ছিলেন। পুলিশ জানায়, নিহত সজিব তার দুই শ্যালকসহ মোটরসাইকেল নিয়ে পটুয়াখালী থেকে কল্যাণাড়া যাচ্ছিলেন। পটুয়াখালী-কুয়াকাটা মহাসড়কের শাখারিয়া নামক এলাকায় পৌঁছালে কুয়াকাটা থেকে ছেড়ে আসা সন্মতি পরিবহন নামে একটি যাত্রীবাহী বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। পরে ফায়ারফোর্সি সজিবকে মৃত অবস্থায় উদ্ধার করে। এছাড়া ২ এর পাতায় দেখুন

বরিশাল মেট্রোপলিটন পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ১৭

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে বিশেষ অভিযান পরিচালনা করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। অভিযানে মাদকসহ বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে মোট ১৭ জনকে গ্রেফতার করা হয়েছে। বিএমপি সদর দফতর সূত্রে জানা গেছে, মহানগরীর ৪টি থানা ও গোয়েন্দা (ডিবি) শাখার পৃথক পৃথক টিম নগরীর বিভিন্ন এলাকায় এই বিশেষ অভিযানিক কার্যক্রম চালায়। পুলিশের দেশগোড়া তথ্য অনুযায়ী, অভিযানে ২০ পিস ইয়াবাসহ ২ জন মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া বিভিন্ন মামলায় আদালতের গ্রেফতারি পরোয়ানাভুক্ত (ওয়ারেন্ট) ৩ জন, পূর্বের নিয়মিত ২ এর পাতায় দেখুন



ময়লার ভাগাড়ে জিম্মি নগরবাসী

বিশেষ প্রতিবেদক
বরিশাল সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার পর কেউ গেছে গ্রায় দুই যুগ। নগরীর আয়তন বেড়েছে, জনসংখ্যা বেড়েছে, বেড়েছে প্রতিদিনের বজার পরিমাণও। কিন্তু আধুনিক বর্জ্য ব্যবস্থাপনার স্বপ্ন আজও বাস্তবে রূপ নেয়নি। এখনও পুরোনো

পদ্ধতিতেই নগরীর শত শত টন বর্জ্য ফেলা হচ্ছে খোলা ডাম্পিং স্টেশনে। ফলে নগরীর একাংশের মানুষের জন্য ‘ময়লাখোলা’ এখন শুধু একটি জায়গার নাম নয়, বরং দীর্ঘদিনের দুর্ভোগ, দুর্গন্ধ ও স্বাস্থ্যঝুঁকির প্রতীক। অনুসন্ধানে জানা যায়, সিটি কর্পোরেশন

প্রতিষ্ঠার পর ২০০২ সালে ৬ একর জমির ওপর ময়লা ফেলার জন্য ৩ নম্বর ওয়ার্ড কাউন্সিল পুরানপাড়ায় জমি অধিগ্রহণ করা হয়। এরপর ২০০৪ সাল থেকে সিটির ৩০টি ওয়ার্ডের সমস্ত আবর্জনা এখানে ফেলা শুরু হলে আস্তে আস্তে এলাকাটি পুরো ২ এর পাতায় দেখুন

মৃদু তাপপ্রবাহে পুড়ছে বরিশাল দুর্ভোগে খেটে খাওয়া মানুষ

কীর্তনখোলা রিপোর্ট
সারা দেশের মত বরিশালে বইছে মৃদু তাপপ্রবাহ। পুড়েছে মানুষ। অল্পতেই হাঁপিয়ে উঠছে প্রখর রোদে বিপর্যস্ত জনজীবন। দুর্ভোগে পড়েছেন খেটে খাওয়া মানুষ। আবহাওয়া অফিসের তথ্য

জনজীবন। গরমে দুর্বিধ্ব জীবন, দিশেহারা হয়ে পড়েছে মানুষ। অল্পতেই হাঁপিয়ে উঠছে প্রমজীবীরা। গাছের ছায়ায় বিকাম নিচ্ছে, স্বস্তি পেতে পান করছে ঠাণ্ডা শরবত বা ভাঙের পানি।

মতে, চলতি বছরে সর্বোচ্চ ৩৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আরও কয়েকদিন এ তাপমাত্রা অব্যাহত থাকবে। জৈয়ের দাবহালাহ যেন ক্রমেই অসহনীয় হয়ে উঠছে। মধ্য মে থেকে শুরু হওয়া তাপপ্রবাহ এখন দেশের

বিস্তীর্ণ অঞ্চলে ছড়িয়ে পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা যেন প্রতিদিনই বেড়েই চলেছে। ফলে শহর থেকে গ্রাম সবখানেই গরমে অতিষ্ঠ

বর্শি ভোগান্তিতে পড়ছেন খেটে খাওয়া মানুষ। পথচারীরা জানুন, যে পরিমাণ রোদের প্রখরতা এবং বিকাল অন্ধ থাকে রোদের প্রখরতা। একজন রিকশাচালক বলেন, ‘বের হওয়াই পেটের টানে আর কি। না চালাইলে তো উপায় নাই, তাহলে



আঁগেলঝাড়ায় বজ্রপাতে এসএসসি পরীক্ষার্থীর মৃত্যু

বিশেষ প্রতিনিধি

বরিশালের আঁগেলঝাড়া উপজেলায় মাছের ঘেরে কাজ করার সময় বজ্রপাতে তানভীর খান (১৮) নামে এক এসএসসি পরীক্ষার্থীর মর্মান্তিক মৃত্যু হয়েছে। গুরুদ্বার (৫ জুন) সকাল সাড়ে ১১টার দিকে উপজেলার গৈলা ইউনিয়নের উত্তর শিহিপাশা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত তানভীর খান ওই গ্রামের ওয়ালিম ২ এর পাতায় দেখুন

পুশ-ইনের চেষ্টায় ব্যর্থ বিএসএফ, আলো নিভিয়ে সরিয়ে নিলে ৩৩ জনকে

কীর্তনখোলা ডেস্ক
লালমনিরাহাটের হাতীবান্ধা, পাটখামা ও আদিতমারী উপজেলার পাঁচটি সীমান্ত এলাকা দিয়ে ৩৩ জনকে বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা করে ব্যর্থ হয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। শেষ পর্যন্ত রাতের আধারে সীমান্তের আলো নিভিয়ে শূন্যরেখায় অপেক্ষা রাখা ওই লোকদের সরিয়ে নিয়েছে তারা। গুরুদ্বার (৫ জুন) দিনগত মধ্যরাত্তে তাদের সরিয়ে নেওয়ার পর শনিবার (৬ জুন) এ তথ্য জানা যায়। এর আগে গুরুদ্বার ভোর রাত্তে একই সীমান্ত দিয়ে তাদের পুশ-ইনের ব্যর্থ চেষ্টা করে বিএসএফ। কিন্তু বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) প্রতিরোধের মুখে তারা বিফল হয়েছে। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী **জেলা:** পটুয়াখালী, ভোলা **জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর **জেলা:** নাঙ্গিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্মাদকীয়

ভারত থেকে অধেপ পন্থায় লোকজনকে বাংলাদেশের দিকে ঠেলে পঠানো বা পুশ ইনের ঘটনায় বাংলাদেশ-ভারত সীমান্তে উত্তেজনা বিরাজ করছে। ভারতের সীমান্ত নিরাপত্তা বাহিনী (বিএসএফ) বিভিন্ন সীমান্ত দিয়ে অব্যাহতভাবে পুশ ইনের চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) স্থানীয় লোকজনের সহায়তা নিয়ে তা প্রতিরোধ করে যাচ্ছে। প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, বিএসএফ গত বুধবার সকাল থেকে দুঃস্থপতিবার সকাল পর্যন্ত ২৪ ঘটায় সীমান্তের অন্তত ১০টি পয়েন্ট দিয়ে অধেপভাবে পুশ ইনের চেষ্টা চালায়। বিজিবির কন্ট্রার অবস্থানের কারণে পুশ ইনের সব কটি অপচেষ্টাই ব্যর্থ হয়। ভারত বাংলাদেশের বৃহত্তম প্রতিবেশী। বাংলাদেশ বারবারই ভারতের সঙ্গে সুসম্পর্ক রক্ষায় অগ্রহী। ভারতে যদি কোনো বাংলাদেশি অনুপ্রবেশকারী থেকে থাকে, অবশ্যই নাগাশেপে তাদের ফেরত নেবে। সে ক্ষেত্রে সুনির্দিষ্ট আন্তর্জাতিক নিয়ম-কানুন রয়েছে, যৌথ সীমান্ত ব্যবস্থাপনার নিয়ম-কানুন রয়েছে; সেগুলো মেনে চলতে হবে। উভ্য দেশের বিদ্যমান আইন ও দ্বিপাক্ষীয় সমঝোতার ভিত্তিতে সমসার সমাধান করতে হবে। বাংলাদেশকে কিছু না জানিয়ে সীমান্ত দিয়ে কিছু মানুষকে ঠেলে দেওয়া কোনোভাবেই কাম্য হতে পারে না। ‘স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ স্পষ্ট জানিয়েছেন, ‘সরকার অবৈধ পুশ ইনের বিরুদ্ধে কন্ট্রার অবস্থান নিয়েছে। বর্ডারে আমাদের বিজিবি অ্যালাট আছে। যদি ভারতের তরফ থেকে দাবি করা হয় যে কোনো বাংলাদেশি কোনো অধেপভাবে আছে, তবে তাদের পতিচয় নিশ্চিত করার পর যথাযথ আইনি প্রক্রিয়ায় ফিরিয়ে আনা হবে (রিপাট্রিয়েশন)।’ কিন্তু ভারত করে ঠেলে দেওয়া আমরা মেনে নেব না।’ বিশেষজ্ঞদের মতে, আন্তর্জাতিক সীমান্ত ও মানবিক রীতিনীতি লঙ্ঘন করে যেকোরে জোরপূর্বক লোকজনকে ঠেলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, তা কোনোভাবেই স্বাভাবিক নয়। ‘স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক সচিব ড. কামাল উদ্দিন আহমেদ বলেন, ‘সীমান্তের এই সংকট দূর করতে দুই দেশের সরকারকে জরুরি ভিত্তিতে উভ পন্থায়ে আলোচনা করতে হবে। প্রতিবেশী হিসেবে ধৈর্য ও সন্দর্শনীতা প্রদর্শন করা উভ্য দেশের জন্যই মঙ্গলজনক।’ মানবাধিকারকারী রুহ খান দিটন মনে করেন, সীমান্তে উত্তেজনা কোনো স্থায়ী সমাধান বয়ে আনবে না। তিনি বলেন, ‘বাংলাদেশকে কোনো উসকানিতে পা দেওয়া যাবে না। তবে বিএসএফ যদি নিয়মিতভাবে এভাবে লোক ঠেলে দেওয়ার চেষ্টা করে, তবে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে বিষয়টি উত্থাপন করা প্রয়োজন।’ ভারতের মানবাধিকারকর্মীরাও মনে করেন, পুশ ব্যাক বা পুশ ইন প্রক্রিয়ার কোনো আইনি স্বীকৃতি নেই ভারতে। ভারতের মানবাধিকার সংগঠন ‘মাসুম’-এর প্রধান কিস্বীটা রায় বলেন, ‘কোনো বিদেশি অধেপভাবে ভারতে প্রবেশ করলে তাকে চিহ্নিত করে গ্রেপ্তার করতে হবে এবং ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করতে হবে। বিশিষ্ট আইনের ১৪ নম্বর ধারা অনুযায়ী মামলা হবে। মামলার যদি সেই বাজি দেয়া সাক্ষ্য হয়, তাহলে তার সাজা হবে। সাজার মেয়াদে আদালতের মাধ্যমেই যে ব্যক্তি যে দেশ থেকে এসেছে, সেখানে ফেরত পাঠানো হবে। অন্য কোনোভাবে নয়।’ আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যান্‌টনিস্ট ইন্‌স্টান্যানশালও মনে করে, ভারত-বাংলাদেশ সীমান্তে জোরপূর্বক পুশ ইন মানবাধিকারের চরম লঙ্ঘন।

হামের উপসর্গ ৩ শিশুর

এখন পর্যন্ত হামের উপসর্গে দেশে ৫২১ শিশুর মৃত্যুর তথ্য পাওয়া গেছে। একই সময়ে হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে আরও ৯১ শিশু। ফলে হাম ও হামের উপসর্গে মোট মৃত্যুর সংখ্যা বাড়িয়েছে ৬১৩ জন। প্রতিভাসে আরও বলা হয়, ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে ৭৭ হাজার ৭৯১ শিশুর মধ্যে হামের উপসর্গ দেখা দিয়েছে। এর মধ্যে ৬৩ হাজার ১৪৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ৫৮ হাজার ৯৩৪ শিশু ও এ ছাড়া, গত ১৫ মার্চ থেকে দেশে ৯ হাজার ৬২০ শিশুর শরীরে পরীক্ষার মাধ্যমে হাম শনাক্ত হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। স্বাস্থ্য বিশেষজ্ঞরা হামের বিস্তার রোধে শিশুদের সময়মতো চিকাদান নিশ্চিত করার পাশাপাশি অভিভাবকদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন।

এবার ডেঙ্গুর রূপ পাবে

‘চিকিৎসকেরা আশঙ্কা করছেন, এবার ডেঙ্গুর গুরুতর ধরন দেখা দিতে পারে, যেখানে কিছু রোগীর রক্তকণসহ বিভিন্ন জটিলতা দেখা দিতে পারে। তাই শুরু থেকেই স্বাবিকের সতর্ক থাকতে হবে।’ ডেঙ্গু প্রতিরোধে দুই থেকে তিন দিন পরপর মোবাইল কোট পরিচালনা করা হবে জানিয়ে তিনি বলেন, ‘মে প্রতিষ্ঠান বা স্থাপনায় ডেঙ্গুবাহী মশার লার্ভা পাওয়া যাবে, সেখানে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে এবং জরিসিমা করা হবে।’ অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিআর) প্রশাসক আবদুস সালাম বলেন, ‘ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি জরুরি। জরিপে দক্ষিণ সিটি করপোরেশনের ৬৩টি ওয়ার্ডকে ডেঙ্গু ঝুঁকিপূর্ণ এবং এর মধ্যে ২৮টি ওয়ার্ডকে অধিক ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।’ আবদুস সালাম বলেন, ‘ডেঙ্গু নিয়ন্ত্রণে জনগণ ও সিটি করপোরেশন উভয় পক্ষের সমন্বিত ভূমিকা প্রয়োজন। জগদেবের দায়িত্ব ৫০ শতাংশ এবং সিটি করপোরেশনের দায়িত্ব ৫০ শতাংশ যথাযথভাবে পালন করা গেলে ডেঙ্গু প্রতিরোধে সক্ষম।’

বিএনপি তিন মাসেই

আসিফ মামুন সজীব ফুঁড়ায়। তিনি বলেছেন, ‘প্রশাসন পরিচালনা এবং গণতন্ত্রভাখানের আকস্মিক্য বাস্তবায়নে ব্যর্থতাসহ সামগ্রিক পরিস্থিতির কারণে বিএনপি ইতোমধ্যে একটি অজগদ্রিয় সরকারে পরিণত হয়েছে।’ অতীতে আগামী লীগ যেখানে ১৭ বছরে যে অবস্থায় পৌঁছেছিল, বিএনপি সরকার মাত্র তিন মাসেই সেই অবস্থায় পৌঁছে গেছে।’ শনিবার (৬ জুন) দুপুরে কুমিল্লার একটি পাটি সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আসিফ মাহমুদ বলেন, দায়িত্ব গ্রহণের প্রথম দিন ‘স্বরাষ্ট্রমন্ত্রী দেশে মব জাস্টিস বন্ধের প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু বাস্তবে মব জাস্টিসের ঘটনা বেড়েছে এবং বেশিরভাগ ক্ষেত্রেই সরকারদলীয় লোকজনের সংশ্লিষ্টতা দেখা যাচ্ছে। তিনি বলেন, সংকটময় মুহূর্তে এগিএপি বরাবরই দুর্বল পারফরম্যান্স করে। সরকার যোষণা দিয়েছিল দুই বছর বিদ্যুতের দাম বাড়ানো হবে না, অথচ মাত্র দুই মাসের মধ্যেই বিদ্যুতসহ বিভিন্ন জ্বালানির দাম দফায় দফায় বৃদ্ধি করা হয়েছে। এর প্রভাবে জ্বালানিনর্ভর বিভিন্ন পণ্যের দামও বেড়ে যাচ্ছে। তার দাবি, শেষ হাসিনা সরকারের ১৭ বছরে যে পরিমাণ মূল্যবৃদ্ধি হয়েছিল, বর্তমান সরকার তিন মাসেই সেই পরিমাণ বৃদ্ধি ঘটিয়েছে সফল হয়েছে। সরকারের এই ব্যর্থতার চূড়ান্ত ভুক্তভোগী হবে সাধারণ মানুষ। অনুষ্ঠান শেষে এনসিপিতে বিভিন্ন দল থেকে আসার শতাধিক নেতাকর্মী যোগদান করেন। এবং তাদেরকে ফু লের মালা পরিয়ে গ্রহণ করেন আসিফ মাহমুদ।

১০ হাজার টাকা পর্যন্ত

বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। শনিবার (৬ জুন) রাজধানীর পুলিশ প্রাঙ্গা করনকেত ‘বাংলাদেশ অ্যাম্বো-ইন্ডাস্ট্রি মিডিয়া অ্যাসোস-২০২৫’ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। জহির উদ্দিন স্বপন বলেন, উপকূলীয় দেশ হওয়ায় বাংলাদেশ একদিনে যেমন সমুদ্রসম্পদের সুযোগ পাচ্ছে, অন্যদিকে প্রাকৃতিক দুর্যোগের চ্যালেঞ্জও মোকাবিলা করছে। তথ্যমন্ত্রী বলেন, কৃষিভিত্তিক অর্থনীতি থেকে শিল্প অর্থনীতির দিকে রূপান্তরের এই সময়ে কৃষিপণ্যকে কৃষি-শিল্প পন্থায় রূপান্তর করতে প্রয়োজন প্রযুক্তি, দক্ষতা ও গবেষণা। এর মাধ্যমে অভ্যন্তরীণ বাজারের চাহিদা পূরণের পাশাপাশি সন্তান সক্ষমতাও বাড়ানো সম্ভব। তিনি বলেন, কৃষিভিত্তিক বাংলাদেশের অর্থনীতিতে কৃষি ও কৃষি-শিল্পের উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের আয়োজন গুণ আনুষ্ঠানিকতা নয়; বরং এর পেছনে রয়েছে সুপরিচালিত ও সুদূরপ্রসারী চিন্তা। দেশের জিডিপি, কর্মসংস্থান এবং সামগ্রিক অর্থনীতিতে কৃষির অবদান উল্লেখ্যযোগ্য। অনুসন্ধান প্রতিবেদনের মাধ্যমে সাংবাদিকরা কৃষি ও কৃষি-শিল্প খাতে উদ্যোগভিত্তিক উদ্যোগিত্ব করতে পারেন উল্লেখ করে মন্ত্রী বলেন, সরকারকে কৃষিবাহক নীতি প্রণয়ন ও উন্নয়নের নতুন সম্ভাবনা বিবেচন করেও সাংবাদিকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। সাংবাদিকদের গবেষণা ও অনুসন্ধান নীতিনির্ধারণীদের জন্য কার্যকর দিকনির্দেশনা হয়ে উঠবে। এ সময় অনুষ্ঠানে দেশের কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত শিল্পখাতের ওপর বিশেষ প্রতিবেদন প্রকাশের স্বীকৃতি হিসেবে বিভিন্ন গণমাধ্যমের ৭ জন সাংবাদিককে পুরস্কৃত করা হয়।

মাটি ও পরিবেশ উপযোগী

তারেক রহমান। শনিবার (৬ জুন) সকালে প্রধানমন্ত্রীর তেজপাঁও কার্যালয়ে বৃক্ষরোপণ সংক্রান্ত এক সভায় তিনি এ কথা বলেন। বৈঠকে বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়কমন্ত্রী আব্দুল আউয়াল মিল্টুসহ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দেশের সব অঞ্চলের মাটির বৈশিষ্ট্য এক নয়। যে এলাকায় যে ধরনের মাটি ও পরিবেশ রয়েছে সে অনুযায়ী গাছ নির্বাচন করে লাগাতে হবে। এতে গাছের বেঁচে থাকার হার বাড়বে এবং পরিবেশগত ভারসাম্য রক্ষায় ইতিবাচক ভূমিকা রাখবে। প্রধানমন্ত্রী বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব দিন দিন আরও স্পষ্ট হয়ে উঠছে। ঋতুচক্রেও দেখা যাচ্ছে পরিবর্তন। আগে জুন মাস এসেই নিয়মিত বৃষ্টিপাত হতো, কিন্তু এখন সেই চিহ্ন অনেকটাই বদলে গেছে। প্রকৃতির এই বিরূপ আচরণের পেছনে বনাঞ্চল ও গাছপালা কমে যাওয়াও একটি গুরুত্বপূর্ণ কারণ। তিনি বলেন, পরিবেশ রক্ষা, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা ও আগামী প্রজন্মের জন্য নিরাপদ পৃথিবী গড়ে তুলতে বৃক্ষরোপণ অগ্রাধিকার হওয়া উচিত। আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ করতে সরকার। এই বৃক্ষরোপণ কীভাবে হবে তা নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে। পাঁচ বছরে সারাদেশে ২৫ কোটি বৃক্ষরোপণের পল্ল সরকার যে কর্মসূচি হাতে নিয়েছে তার উদ্যোগন করবেন প্রধানমন্ত্রী। আগামী ১৪ জুন কক্সবাজারের দালাহাজলয় এই কর্মসূচির উদ্বোধন হবে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবিএম আবদুস সালাম, পরিবেশ সচিব রায়হান কাওথার, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক লুৎফর রহমান, অতিরিক্ত মহাপরিচালক জিয়াউল হক, প্রধান বন সংরক্ষক আমির হোসাইন চৌধুরী ও ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি সেলের সদস্য জামাইল নবীর জেবি উপস্থিত ছিলেন।

নতুন মো. সাহারবুদ্দিন এর অধিবেশন প্রথম

হবে। রষ্ট্রপতি মো. সাহারবুদ্দিন এ অধিবেশন আহ্বান করেছেন। জাতীয় সংসদ সচিবালয় এ তথ্য জানিয়েছে। এটি নতুন সরকারের প্রথম বাজেট উল্লেখ্য। এর আগে গত ৭ মে জাতীয় সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ইমরায় স্বাক্ষরিত এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করে সংসদ সচিবালয়। সংসদ সচিবালয় জানায়, রষ্ট্রপতির এই আহ্বানে জারির পর সংসদ সচিবালয়ের পক্ষ থেকে অধিবেশনটি যথাযথভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সব প্রস্তুতি গ্রহণ সম্পন্ন হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে রষ্ট্রপতি ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে এই অধিবেশন শুরু হবে। মূলত এই অধিবেশনেই ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট পেশ ও পাস করার কার্যক্রম সম্পন্ন হবে। উল্লেখ্য, প্রতি বছর জুন মাসে জাতীয় বাজেটের ওপর আলোচনার জন্য সংসদ অধিবেশন বসে, যা বাজেট অধিবেশন হিসেবে পরিচিত। আগস অধিবেশনে বর্তমান সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা ও অর্থনৈতিক পরিকল্পনার প্রতিফলন হিসেবে নতুন অর্থবছরের বাজেট পেশ করা হবে এবং এর ওপর সংসদ সদস্যরা বিস্তারিত আলোচনায় অংশ নেবেন। এর আগে গত ১২ মার্চ তাম্রাবল জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসে। যা শেষ হয় গত ৩০ এপ্রিল।

জামায়াতের কাছে মানুষের

জামায়াতে ইসলামী সেসব নেতৃত্ব খুইই পেছনে ফেলে জেলা নেতৃবৃন্দ আজকের প্রোথামে উপস্থিত সত্বরই জেলা আমির সেক্রেটারি ও কর্মপরিষদ সদস্য ভাইদের ময়দান পরিবর্তনের সিদ্ধান্ত নিতে হবে এবং সামাজের জন্য কাঙ্ক্ষিত নেতৃত্ব তৈরি করতে হবে। পলিম বিরোধী দল হিসেবে এখন জামায়াতের দায়িত্বভারের স্বাভাবিকত ময়দানে যেমন যোগ্যতার সাথে ভূমিকা পালন করতে হবে, যেমন কথা ও কাজের মাধ্যমে জনগণের কাছে ব্যাপকভাবে ধ্বিনের দাওয়াত পৌঁছে দিতে হবে। আমাদের মনে রাখতে হবে, একজন মূন্মুরের কাছে আরোহাতের সফলতাই হলো চূড়ান্ত সফলতা। বরিশাল অঞ্চলের জেলা ও মহানগরীর কর্মপরিষদ সদস্যদের নিয়ে আয়োজিত এ শিক্ষা শিবিরে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। বরিশাল অঞ্চল টিম সদস্য মাওলানা ফখরুল্লাহ রাখির পরিচালনায় এতে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা মুহাম্মাদ শাহজাহান, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ড. মুহাম্মাদ আব্দুস সামাদ, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমির মাওলানা জহির উদ্দিন মুহাম্মাদ দার্যা। শিক্ষাশিবিরে আরো উপস্থিত বরিশাল জেলা আমির অধ্যাপক আব্দুল জকার, ঝাঝারটি জেলা আমির অ্যাডভোকেট হামিজুর রহমান, পিরোজপুর জেলা আমির তাহজজ্বল হোসাইন ফরিদ, পটুয়াখালী জেলা আমির অ্যাডভোকেট নাজমুল হাসান, ভোলা জেলা আমির জাকির হোসেন ও রংনা জেলা আমির মাওলানা মুহিবুজ্জাহ হাকুন। সভাপতির বক্তব্যে সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেন, ‘জাতীয় নির্বাচন-পরবর্তী বাংলাদেশের প্রেক্ষাপটে জেলা ও মহানগরীর শীর্ষ পর্যায়ের দায়িত্বশীলদের এ প্রশিক্ষণ প্রোগ্রাম অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজনীতিতে গণিত পরিবর্তন, জনগণের যৌগিক অবিরার প্রতি নিশ্চিত করা ও ইনসানপূর্ণ সমাজ প্রতিষ্ঠার জন্য যাবতীয় ভূমিকা পালনে আমাদের কাঙ্ক্ষিত যোগ্যতা অর্জনের বিরুদ্ধে নেই।’

বরিশাল মেট্রোপলিটন পুলিশের

মামলায় ৫ জন এবং বরিশাল মহানগর অধ্যাদেশে (নিএমসি অ্যাক্ট) ৭ জনসহ সর্বমোট ১৭ জনকে গ্রেফতার করা হয়। বিএমপি জানায়, গ্রেফতারকৃত অভিযুক্তদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিরাপদ রাখতে পুলিশের এই বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলেও জানানো হয়।

বাসের ধাক্কায় প্রাণ গেলো

অপর দুজনকে গুরুতর অবস্থায় পটুয়াখালী হাসপাতালে পাঠালে চিকিৎসাধীন অবস্থায় সাইফুল ইসলামের মৃত্যু হয়। আমতুলী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ওয়ায়হাউজ ফ্রন্টপের মো. হানিক বলেন, ঘটনাস্থল থেকে সজীব নামের একজনকে মৃত উদ্ধার করা হয়েছে। এছাড়া মোটোসাইকেলে থাকা অপর দুই আরোহীকে গুরুতর অবস্থায় উদ্ধার করা হয়। আমতুলী ফায়ার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাত মো. হাসানাই পরহেজ বলেন, ঘটনার পর যাতক বাসের চালক এবং হেলপার পালিয়ে গেছে। তবে বাসটি আটক রাখা হয়েছে।

আগৈলঝাড়া়য় বজ্রপাতে

খানের ছেলে এবং চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী ছিলেন। স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, গুরুত্বার সকালে তানভীর বাড়ির পাশের একটি মাদ্রেসে ঘেরে কাজ করছিলেন। সকাল সাড়ে ১১টার দিকে হঠাৎ আকাশ মেঘাচ্ছন্ন হয়ে বজ্রসহ বৃষ্টি শুরু হয়। এ সময় একটি শক্তিশালী বজ্রপাত রাসসি তার শরীরে আঘাত হানে। এতে তিনি গুরুতর আহত হন। ঘটনার পর স্থানীয়রা দ্রুত তানভীরকে উদ্ধার করে আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক ড। শাহাজাজ পারভীন ত্রুত তাকে মৃত ঘোষণা করেন। তানভীরের আকস্মিক মৃত্যুতে পরিবার ও এলাকার শোকের ছায়া নেমে এসেছে।

দেশে ফিরেছেন ৩২ হাজার

হয়। বুলেটিন অনুযায়ী, দেশে ফেরা ৩২ হাজার ৮৩২ জন হাজারি মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৩ হাজার ৩৮৬ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ২৯ হাজার ৫০৪ জন রয়েছে। এসব হাজারি দেশে ফেরাতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ২৮টি, সিটি এয়ারলাইন্স ৩১টি এবং ফ্লাইনাম ১৯টি ছাইটি পরিচালনা করেছে। সৌদি আরবে মৃত্যুবরণ করা বাংলাদেশি হাজারির মধ্যে ৩২ জন পুরুষ ও ১৬ জন নারী। এদের মধ্যে মক্কার ৩৫, মরিনায় ১২ ও জেদ্দায় একজনর মৃত্যু হয়েছে। হজ বুলেটিনে আরও জানানো হয়, সৌদি আরবের বিভিন্ন স্থানীয় হাসপাতালে মোট ৩৬০ জন হজ পালন করেছেন। বর্তমানে ২৩ জন হাজি বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছেন। এবার বাংলাদেশে থেকে মোট ৮৭ হাজার ৫০০ জন হজ পালন করেছেন। এরমধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৫৬৬ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৫ জন হজ পালন করেন। হজযাত্রীদের সৌদি আরবগামী প্রথম ফ্লাইট ছিল ১৮ এপ্রিল এবং শেষ ফ্লাইট ২১ মে। অন্যদিকে ফিরতি ফ্লাইট শুরু হয়েছে ৩০ মে, যা চলবে আগামী ৩০ জুন পর্যন্ত।

পুশ-ইনের চেষ্টায় ব্যর্থ

বিজিবি ও সীমান্তবাসী জানান, হাতীবান্ধা উপজেলার বড়খাতা বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকায় ১১ জন, পাটামা উপজেলার পয়খিটবাড়ী বিওপি এলাকায় ১০ জন এবং আদিতমারী উপজেলার দুর্গাপুর ইউনিয়নের দীঘলটারী সীমান্ত এলাকায় আরও ১২ জনকে বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা করে বিএসএফ। খবর পেয়ে বিজিবি দ্রুত ঘটনাস্থলে পৌঁছে সীমান্তে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করে। গ্রামবাসীর সহায়তায় বিজিবির কন্ট্রার অবস্থানের কারণে পুশ-ইনের চেষ্টা ব্যর্থ হয় এবং ওই ব্যক্তির বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করতে পারেন। পুশ-ইনে ব্যর্থ হলে দিনত্তর এসব মানুষকে শুন্যেরাযার রোদে আটকে রাখে বিএসএফ। শুন্যেরাখা থেকে এসব মানুষকে সরিয়ে নিতে বিজিবি কন্ট্রার বার্তা দিলেও প্রথম দিকে কর্ণপাত করেনি বিএসএফ। কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকে উল্টো বিজিবির ওপর দায় চাপানোর চেষ্টা করে তারা। বৈঠকে পুশ-ইনের শিকার মানুষগুলো বিএসএফের উপস্থিতিতে জানান, তারা ভারতীয় এবং ভারত থেকেই এসেছেন। এমন বার্তার পরেও দিনত্তর নানান নাটকীয়তা করে অবশেষে রাতেই আধারে সীমান্ত বাতি নিভিয়ে তাদের নিজ ভূখণ্ডে ফিরিয়ে নেয় বিএসএফ। বিজিবি লালমনিরহাট ১৫ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মেহেদী ইমাম ঘটনা বলেন, সীমান্তের শুন্যেরাযার অবস্থান করা মানুষদের নিজ ভূখণ্ডে সরিয়ে নিয়েছে বিএসএফ। যে কোনো ধরনের পুশইন বা অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে বিজিবি সতর্ক অবস্থায় রয়েছে। সীমান্তে কন্ট্রার নজরদারি করা হচ্ছে।

মৃদু তাপপ্রবাহে পুড়েছে বরিশাল

জুন থেকে বরিশাল অঞ্চল জুড়ে এ মৃদু তাপ প্রবাহ শুরু হয়েছে। যা ৩৬ থেকে ৩৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার মধ্যে ওঠানামা করছে। বরিশাল আবহাওয়া অফিসের অফিস ইন্সপেক্ট মো. আবু জাফর বলেন, ‘আমাদের রেকর্ড অনুযায়ী সর্বোচ্চ তাপমাত্রা ছিলো বরিশালে ৩৭ ডিগ্রি সেলসিয়াস। বাংলাদেশ আবহাওয়া দফতর থেকে প্রকাশিত পূর্বাভাস অনুযায়ী, এ তাপপ্রবাহ আরও দুই-একদিন অব্যাহত থাকবে। এরপর আস্তে আস্তে কমে যাওয়ায় সম্ভাবনা রয়েছে।’ তীব্র তাপপ্রবাহে দেশব্যাপী স্বাস্থ্যঝুঁকিও বেড়েছে উল্লেখযোগ্য হারে। সামান্য অসুস্থকর্তাও ডেকে আনতে পারে পানিস্ন্যতা, কিংবা প্রাণঘাতী হিটস্ট্রোক। তাই তীব্র পুষ্ক সূত্র থাকতে পর্যাপ্ত পানি পান, রোদ এড়িয়ে চলা ও হিটস্ট্রোক সম্পর্কে সচেতনতা বাড়ানোর পরামর্শ চিকিৎসকদের। একটানা তাপপ্রবাহে নাকাল হয়ে পড়েছে দক্ষিণের জনপদ বরিশালের মানুষ। বিশেষজ্ঞদের মতে, জীবাশ্ম জ্বালানির ব্যবহার, বন উজাড় এবং জলবায়ু পরিবর্তনের কারণে এ তাপমাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এখনই কার্বন নিঃসরণের পরিমাণ কমানো এবং ব্যাপক বনায়ন করা না হলে এ প্রভাব আগামীতে তীব্র আকার ধারণ করবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

ময়লার ভাগাড়ে জিম্মি নগরবাসী

বরিশালবাসীর কাছে ‘ময়লাখোলা’ নামে পরিচিতি লাভ করে। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘ দুই মৃগেও এ জিম্পি স্টেশনটি অন্যত্র স্থানান্তরের কোনো দৃশ্যমান অঙ্গাতি হয়নি। উল্টো উন্মুক্তভাবে ফেলা বর্জ্যের বিষাক্ত ময়লা পানি পানের সাপাম্না খাল হয়ে সরাসরি নদীতে ফেলা নদীতে গিয়ে মিশছে, যা নদীর পানিকে মারাঅকতারে দূষিত করছে। বিসিসি সূত্রে জানা গেছে, ৫৮ বর্গকিলোমিটারের এই নিটিতে প্রায় ছয় লাখ মানুষের বসবাস। নগরীতে প্রতিদিন গড়ে প্রায় ২০০ টন গৃহস্থালির বর্জ্য উৎপন্ন হয়। এ বিশাল পরিমাণ বর্জ্য অপসারণের কাজে বিসিসির পরিচ্ছন্নতা শাখায় স্থায়ী ও অস্থায়ী মিলিয়ে মোট ৭২৬ জন কর্মী নিয়োজিত আছেেন। ময়লা পরিবহনের জন্য ব্যবহার করা হচ্ছে মাত্র ২০টি ট্রাক ও ২২০টি ব্লয় ড্রাম। সরেজমিনে পুরানাপাড়া এলাকায় গিয়ে দেখা যায়, পলিথিন, কাগজ ও খাবারের উচ্ছিন্ন ত্ত্ব পথে তীব্র গন্ধ ছড়াচ্ছে। ময়লাখোলার মাত্র ৪০ গজ দূরেই কাউন্সিলা হাউজিং প্রকল্প, যেখানে অন্তত ৫০০ পরিবার বসবাস করেন। এছাড়া এ ভাণ্ডারের চারপাশে প্রায় ৩ হাজার মানুষের বসতি আছে। এর পাশেই রয়েছে ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি কলেজসহ অন্তত ৯টি শিক্ষাপ্রতিষ্ঠান এবং ১০-১২টি মসজিদ। স্থানীয় বাসিন্দারা জানান, ভাণ্ডাড্টি খোলা উন্মুক্ত স্থানে হওয়ায় তারকারে চরম ভোগান্তি পোহাতে হচ্ছে। এছাড়া এ ভাণ্ডারের কারণে আত্মজরায় নীরে রোগে আক্রান্ত হয়ে পড়ছেন তারা। জনপ্রতিনিধিরা বিভিন্ন সময় ময়লাখোলাটি স্থানান্তরের প্রতিশ্রুতি দিলেও এখন পর্যন্ত দৃশ্যমান কোনো অঙ্গাতি হয়নি। ময়লাখোলা সংলগ্ন স্থানীয় বাসিন্দা ইঞ্জিনিয়ার হামিজুর রহমান বলেন, ‘গোটা নগরীর বর্জ্য এখন ফেলা হচ্ছে এ এলাকায়। ভাণ্ডাড্টির চারপাশের আবাসিক এলাকার মানুষের দুর্ভোগের শেষ নেই। অনেকে বাড়িরর ডেড়ে অন্যত্র বাসা ভাড়া করে থাকছেন। কাউন্সিলা পুরানাপাড়া (ময়লাখোলা) এলাকার স্কুল ছাত্র পারিবারীয় ইসলাম শুভ বলেন, এ ভাণ্ডারের পৃথ্কে ঘরে থাকা কঠিন হয়ে পড়ে মাঝে মাঝে। উটকা গন্ধ রাতে স্নানাতোই পারে না। ছাত্রের কারণে এলাকায় তুকুর ও গুরুরের উৎপাত বেড়েছে। ময়লাখোলার কারণে এলাকায় সারা বছরই মশা-মাছি উৎপন্ন লেগে থাকে উল্লেখ করে শামীম হোসেন নামে স্থানীয় এক বাসিন্দা বলেন, শীতকালে এ সময়্যায় আরও প্রকট আকার ধারণ করে। কারণ, তখন পুরো ময়লাখোলার বর্জ্যে আত্মন ধরিয়ে দেওয়া হয়। এতে বিষাক্ত রোগ্য ও দুর্গন্ধ চারপাশের বাতাসে ছড়িয়ে পড়ে। কী যে করব, ভেঙ্গে পাই না। অনেকটা বাধা হয়েই আমাদের এখানে বসবাস করতে হচ্ছে। তিনি বলেন, পরিস্থিতি এমন দাড়িয়েছে যে এখানে কোনো আত্মীয়-স্বজন পর্যন্ত বেড়াতে আসতে চায় না। দুর্গন্ধের কারণে নিজের বাড়িটি বিক্রি করে দেন, সেই উপায়ও নেই। কেউ বাড়ি কিনতে চায় না, আর দু-একজন চাইলেও টিকঠাক দাম বসে না। বরিশাল সিটি করপোরেশনের প্রধান পরিচ্ছন্নতা কর্মকর্তা ইউসুফ আলী বলেন, ‘বর্জ্য ব্যবস্থাপনার স্থানটি স্থানান্তরের জন্য ইতোমধ্যে কয়েকটি জমি দেখা হয়েছে এবং বর্তমানে সেগুলোর কাগজপত্র যাচাই-বাছাই চলছে। এছাড়া সনাতন পদ্ধতি বাদ দিয়ে আধুনিক প্রযুক্তির মাধ্যমে বর্জ্য অপসারণের জন্য দক্ষিণ কোরিয়ার একটি প্রতিষ্ঠানের সঙ্গে কথাবার্তা চূড়ান্ত হয়েছে এবং তারা স্থান পরিদর্শনও করে গেছেন। সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী এ বিষয়ে বলেন, ‘বর্জ্য ব্যবস্থাপনা পুরো দেশে সাফল্যে হয়েছে। উদাত বিশ্বের মতো বর্জ্য পুড়ুরে বিদ্যুৎ উৎপাদনের প্রকল্প নেওয়া হয়েছে। এজন্য দক্ষিণ কোরিয়ার একটি প্রতিষ্ঠানের সঙ্গে কথা হয়েছে। এছাড়া বর্জ্য ব্যবস্থাপনার জন্য এরই মধ্যে কয়েকটি জায়গা দেখা হয়েছে। জয়গা নির্ধারণ করা হলেই পুরানো বর্জ্য ব্যবস্থাপনার স্থানটি স্থানান্তর করা হবে। সেই সঙ্গে আধুনিক পদ্ধতিতে বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনা হবে।’

ডেঙ্গু প্রতিরোধে বরিশালে

রোগ যাতে ছড়াতো না পারে সেজন্য সকলকে সচেতন হওয়ার আহ্বান জানান। তারা মশা নিধনে জমে থাকা পানি অপসারণ এবং নিজ নিজ আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান। প্রধান অতিথির বক্তব্যে বিসিসি প্রশাসক অ্যাডভোকেট বলিফিস আজার জাহান শিরিন বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই আয়োজন করা হয়েছে। তিনি বলেন, ডেঙ্গু ও চিকুনগুনিয়া থেকে আমাদের বাঁচতে হবে, নগরবাসীকে বাঁচাতে হবে। এসময় তিনি বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় কন মাসকে মশক নিধন মাস হিসেবে ঘোষণা করেন। পাশাপাশি ৩০ দিন একটি করে ওয়ার্ডে মশার গুণ্ধ ছিটানোর কথা জানান প্রশাসক। পরে নগরীতে একটি হ্যালি বের হয়। র্যালিতে বিভাগীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তা, বিসিসির কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। র্যালি থেকে ফগার মেশিন দিয়ে মশার গুণ্ধ ছিটানো ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

ঈদ ও গ্রীষ্মের দীর্ঘ

ছুটির সঙ্গে সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা ১৬ দিনের অবকাশ ভোগ করছেন। ২১ মে ছিল এসব প্রতিভারের শেষ কার্যদিবস। পরদিন থেকে শুরু হলো সাপ্তাহিক ছুটির কারণে শিক্ষার্থীরা কার্যত ২২ মে থেকেই ছুটিতে ফেরার প্রবেশ করে। তবে দেশের মাদরাসাগুলোতে ছুটি আরও দীর্ঘ হচ্ছে। আলিয়া, দাখিল, আলিম, ফাজিল ও কামিল স্তরের মাদরাসাগুলোর ছুটি ২৪ মে থেকে শুরু হয়ে চলবে ১১ জুন পর্যন্ত। এরপর ১২ ও ১৩ জুন সাপ্তাহিক ছুটি শেষে ১৪ জুন রোববার থেকে মাদরাসাগুলোতে পুনরায় শ্রেণি কার্যক্রম শুরু হবে। ফলে মাদরাসার শিক্ষার্থীরা নির্ধারিত ছুটি ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে প্রায় ২৩ দিনের দীর্ঘ অবকাশ পাচ্ছে। এদিকে জুন মাসে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পর পরবর্তী উল্লেখযোগ্য ছুটি শুরু হবে জুলাই মাসে। শিক্ষাপঞ্জি অনুযায়ী, ২৯ জুলাই এঘাটি পূর্ণিমা উপলক্ষে একদিনের ছুটি রয়েছে। এছাড়া ৫ আগস্ট ‘জ্বলাই গণঅভ্যুত্থান দিবস’, ১২ আগস্ট আশ্বেরি চাহার সোধা এবং ২৬ আগস্ট ঈদে মিলাদুন্নবি (সা.) উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ

থাকবে। সেপ্টেম্বর মাসে শুভ জন্মাষ্টমী ও ফাতেহা-ই-ইয়াজদাহম উপলক্ষেও ছুটি রয়েছে।

বরিশালে শহিদ জিয়ার সফর

মাধ্যমে জানান, তারা যেন প্রেসিডেন্ট জিয়ার সাথে নয়, তাদেরই একজনের সাথে কথা বলছিলেন। বরিশালে বিভিন্ন কর্মসূচী পালনশেষে তিনি ঐতিহাসিক বেলস পার্ক ময়দানে এক জনসভায় অংশগ্রহণ শেষে তিনি বরিশাল ত্যাগ করেন। বরিশালে শহীদ রষ্ট্রপতি জিয়াউর রহমানের সর্বশেষ ও সর্বাধিক গুরুত্বপূর্ণ সফর ছিল ১৯৭৯ সালের ২৩ নভেম্বরের সফর। জিয়ার না হলে সফর বরিশালে এক অনন্য ইতিহাস সৃষ্টি করছেছিল। রাজধানী ঢাকাস্থ সচিবালয়ের বাইরে বরিশালে মন্ত্রীসভার একটি বৈঠক আয়োজন করে বরিশালকে অনন্য উচ্চতায় নিয়ে যান প্রেসিডেন্ট জিয়া। মন্ত্রীসভার ঐতিহাসিক এ বৈঠকেই বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমোদন দেয়া হয়। এছাড়াও বরিশালে রেল লাইন চালু করার বিষয়ে সম্ভাব্যতা যাচাইয়ের মত গুরুত্বপূর্ণ আলোচনাও করা হয় উক্ত বৈঠকে। মৃত্যুর আগে বরিশালে তাঁর এ শেষ সফর এসব নানাবিধ কারণেই অনেক গুরুত্ব বহন করে। আততায়ীর হাতে তাঁর মৃত্যু না হলে বরিশালবাসী অনেক আগেই এখানে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় পেতো। যদিও তাঁর স্ত্রী ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পরবর্তীতে সরকার গঠন করলে বরিশালে বরিশালপুর কু-রিক-রিক শব্দ শোনা যেত। তাঁর ম"ত্বার মধ্যে দিয়ে নিরাপন্ন রেলম্রমণ থেকে আজও বঞ্চিত বরিশালবাসী। তাঁর ম"ত্ব্যতে এরকম অনেক উন্নয়নমূলক প্রকল্প থেকে বঞ্চিত হয়েছে বরিশালসহ গোটা দক্ষিণাঞ্চল। ৪৫তম ম"ত্বাবার্ষিকীতে বরিশালবাসীর পক্ষ থেকে তোমায় গভীর শ্রদ্ধা স্বাধীনতার ঘোষক, রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা, সেক্টর কমান্ডার ও সাবেক রষ্ট্রপতি জিয়াউর রহমান (বীর উত্তম)।

ভোলায় গৃহবধূর লাশ উদ্ধার, স্বামী-শাশুড়িসহ ৪ জনের বিরুদ্ধে মামলা

ভোলা প্রতিনিধি
ভোলা শহরের উকিলপাড়া এলাকার একটি ফ্ল্যাট বাসা থেকে সুমাইয়া আক্তার মি্ত্র (২২) নামে এক গৃহবধূর মরদেহ উদ্ধারের ঘটনায় স্বামী, শাশুড়ি ও নন্দদহ চারজনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। শনিবার (০৬ জুন) সকালে বিষয়টি নিশ্চিত করেছেন নিহত গৃহবধূর মি্ত্রর চাচাতো ভাই মো. রাহাত। এরআগে, শুক্রবার দুপুরে নিহত মি্ত্রর বাবা মো. বশির আহমেদ বান্দী হয়ে ভোলা সদর মডেল থানায় মামলাটি দায়ের করেন। মামলার আসামিরা হলেন, মি্ত্রর স্বামী সোহাগ, শাশুড়ি কোহিনুর বেগম, নন্দ লিজা আক্তার ও মৃত্যু ভোগে। এছাড়া মামলায় আরও ৪ থেকে ৫ জনকে অজ্ঞাতস্থানীয় আসামি করা হয়েছে। মামলার এজাহার সূত্রে জানা যায়, দৌলতখান উপজেলায় দক্ষিণ জয়নগর এলাকার বাসিন্দা বশির আহমেদের মেয়ে সুমাইয়া আক্তার মি্ত্রর সঙ্গে প্রায় পাঁচ বছর আগে পারিবারিকভাবে

বর্ণনা

তুরস্ক-বাংলাদেশের বন্ধনকে আরও

এক ব্যতী় তিনি এ কথা বলেন। ঢাকা সফর শেষে এক ব্যতী় তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমাদের এশিয়া-প্যাসিফিক সফরের চতুর্থ ও শেষ গন্তব্য বাংলাদেশে প্রধানমন্ত্রী তারেক রহমান আমাদের অর্থান্না জানান। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিদুর রহমানের সঙ্গে আমরা বিস্তারিত বৈঠক করি। আমাদের পুরো সফরজুড়ে আমরা ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত নির্বাচনের পর এক নতুন যুগে পদার্পণকারী বাংলাদেশের বিপুল সম্ভাবনা এবং বাংলাদেশি ভাই-বোনেরা যাতে শান্তি, সমৃদ্ধি ও স্থিতিশীলতায় বসবাস করতে পারেন, তা নিশ্চিত করার জন্য গৃহীত ব্যাপক প্রচেষ্টা প্রত্যক্ষ করেছি। আমরা দেখেছি যে, আমাদের ভ্রাতৃত্বের বন্ধনের সঙ্গে সঙ্গতি রেখে দুদেশের সম্পর্ক অত্যন্ত দৃঢ়। ভিত্তির ওপর গড়ে উঠছে। আগামী সময়ে আমরা প্রতিটি ক্ষেত্রে আমাদের সহযোগিতা আরও উন্নত করতে দৃঢ়প্রতিজ্ঞ এবং একই দৃঢ় সংকল্প নিয়ে বাংলাদেশি ভাই-বোনদের সমর্থন অব্যাহত রাখবে। উচ্চ অভিযোজতার জন্য আমি বাংলাদেশের কর্তৃপক্ষ ও জনগণকে, বিশেষ করে আমার শ্রদ্ব্দের ভাই ড. খলিদুর রহমানকে আন্তরিক ধন্যবাদ জানাই। এই উপলক্ষে আমি আমার শ্রদ্ব্দের প্রতিপক্ষকে আবারও অভিনন্দন জানাই, যিনি সম্প্রতি ৮১তম জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছেন। আমরা আত্মবিশ্বাসী যে, তিনি এই গুরুত্বপূর্ণ দায়িত্বে অত্যন্ত সাফল্যের সঙ্গে পালন করবেন। হাকান ফিদান বলেন, আমাদের সফরের অংশ হিসেবে আমরা কক্সবাজারে শরণার্থী শিবিরগুলো পরিদর্শন করার সুযোগও পেয়েছি। ১০ লাখেরও বেশি রোহিঙ্গা মুসলিমকে আশ্রয় দিয়ে বাংলাদেশ এক বিরাট দায়িত্ব পালন করছে। রোহিঙ্গা সংকটেই একটি স্থায়ী ও ন্যায়সঙ্গত সমাধান খুঁজে বের করাই আমাদের অঙ্গিন লক্ষ্য। কক্সবাজারে আমরা আমাদের স্বাস্থ্য মন্ত্রণালয়, টিকা, ভুক্তি রেড ক্রিসেন্ট, তুরস্ক দিয়ানেত ফাউন্ডেশন এবং অন্যান্য প্রতিষ্ঠানের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেছি। আমরা তুরস্ক-বাংলাদেশে মানবিক সহায়তা হাসপাতালে কর্মরত আমাদের ‘স্বাস্থ্যকর্মীদের সঙ্গে সাক্ষাৎ করেছি। মানবতার সেবার প্রতিকূল পরিস্থিতিতে কর্মরত আমাদের সব কর্মীর নিষ্ঠা, ত্যাগ এবং অনুকরণীয় প্রচেষ্টার জন্য আমরা আন্তরিক ধন্যবাদ জানাই। তুরস্ক ও বাংলাদেশের বন্ধুত্ব হলো এমন দুটি জাতির বন্ধুত্ব, যারা সাধারণ স্বার্থের উর্ধ্বে কর্তন সময়ে সংহতি প্রদর্শন করে। আমরা এই বন্ধনকে আরও শক্তিশালী করতে থাকবো। উল্লেখ্য, তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাম্পুসবাবার (৪ জুন) রাত্রে তিনি দিনের সফরে ঢাকায় এসেছেন। সফর শেষে শনিবার ঢাকা ছাড়ছেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী।

‘ইনকিলাব জিন্দাবাদ’ শ্লোগানে

